বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

মুজিব শতবর্ষ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর,
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নম্বর : ৮০.১০৬.০১১.০৩.৫৮.০১৭.২০২০.২০৩

তারিখ: ১৯ আশ্বিন, ১৪২৯ / ০৪ অক্টোবর, ২০২২

বিষয় : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের অধীন ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের 'সাব-এসিস্ট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার' [গ্রেড-১০], নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমী, চট্টগ্রাম এর 'জুনিয়র বেতার কর্মকর্তা' [গ্রেড-৯] এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অধীন পুলিশ হাসপাতাল সমূহের 'ডেন্টাল সার্জন' [গ্রেড-৯] পদে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচি।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের অধীন ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের 'সাব-এসিস্ট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার' [গ্রেড-১০], নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ মেরিন একাডেমী, চট্টগ্রাম এর 'জুনিয়র বেতার কর্মকর্তা' [গ্রেড-৯] এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অধীন পুলিশ হাসপাতালসমূহের 'ডেন্টাল সার্জন' [গ্রেড-৯] পদে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, সময়সূচি, কেন্দ্র, আসন বিন্যাস এবং নির্দেশাবলি নিম্নরূপ :

ক্রমিক নং	পদের নাম, বিজ্ঞপ্তির নম্বর ও তারিখ	লিখিত পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষার কেন্দ্র	প্রার্থী সংখ্যা
১.	সাব-এসিস্ট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার [গ্রেড-১০] স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের অধীন ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর। [বিজ্ঞপ্তি নং-১৯৭, তারিখ: ২৩.১২.২০২১]	১৩.১০.২০২২ [বৃহস্পতিবার] দুপুর ১২:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত	শেরে বাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭।	৭৫২ জন
২.	জুনিয়র বেতার কর্মকর্তা [গ্রেড-৯] নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ মেরিন একাডেমী, চট্টগ্রাম। [বিজ্ঞপ্তি নং-১৮৩, তারিখ: ২৩.১২.২০২১]	২৭.১০.২০২২ [বৃহস্পতিবার] দুপুর ১২:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত	বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।	১০ জন
৩.	ডেন্টাল সার্জন [গ্রেড-৯] স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অধীন পুলিশ হাসপাতালসমূহ। [বিজ্ঞপ্তি নং-১৯২, তারিখ: ২৩.১২.২০২১]	০৩.১১.২০২২ [বৃহস্পতিবার] দুপুর ১২:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত	শেরে বাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭।	৫১৩ জন

পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি:

১.০ **প্রার্থীদের স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কোনো প্রার্থীকে মাস্ক ব্যতীত পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না।**

২.০ কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্রসহ অনলাইনে আবেদনকারী প্রার্থীদের সাব-এসিস্ট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার' [গ্রেড-১০] 'জুনিয়র বেতার কর্মকর্তা' [গ্রেড-৯] এবং 'ডেন্টাল সার্জন' [গ্রেড-৯] পদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রার্থীদের অনুকূলে নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না।

অপর পৃষ্ঠা-২

৩.০ কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোড করা যাবে। **প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

৪.০ মোবাইল ফোন, কোনো ধরনের ইলেকট্রনিক যোগাযোগ যন্ত্র, ডেবিট/ক্রেডিট কার্ড বা ব্যাংক কার্ড সদৃশ কোনো কিছু, হাতঘড়ি, বই, অর্নামেন্টস, ব্যাগসহ কোনো পরীক্ষার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবে না। পরীক্ষার হলের গেটে পুলিশ এর উপস্থিতিতে উল্লিখিত দ্রব্যাদি এবং প্রবেশপত্র পরীক্ষা করে প্রার্থীদের হলে প্রবেশের অনুমতি দেয়া হবে। পরীক্ষা কক্ষে কোনো পরীক্ষার্থীর কাছে মোবাইল ফোন, কোনো ধরণের যোগাযোগ যন্ত্র বা হাতঘড়ি পাওয়া গেলে উক্ত প্রার্থীকে বহিস্কারপূর্বক তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত সকল নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে।

৫.০ পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট আগে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে পরীক্ষাকক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘন্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।

৬.০ প্রার্থীদের বাংলা-৪০ নম্বর, ইংরেজি-৪০ নম্বর, সাধারণ জ্ঞান-৪০ নম্বর ও প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ে-৮০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ৪ ঘন্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় সাইন্টিফিক/প্রোগ্রামেবল ক্যালকুলেটর ব্যবহার করা নিষিদ্ধ। তবে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।

৭.০ পরীক্ষার্থীদের একই সাথে ০৪ টি বিষয়ের জন্য ০৪ টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থীদের বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

৮.০ হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে প্রার্থীর স্বাক্ষর একই হতে হবে।

৯.০ কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে-কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

১০.০ পরীক্ষা চলাকালীন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য/সাংবাদিক/গোয়েন্দা সংস্থার সদস্য, পিএসসির প্রতিনিধি বা অন্য কোনো পরিচয় দিয়ে কোনো ব্যক্তি পরীক্ষা কেন্দ্রে এবং হলসমূহে অনধিকার প্রবেশ করতে চাইলে প্রবেশপথে দায়িত্বপালনকারী আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধানকে বিষয়টি অবহিত করবেন। কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধান তার পরিচয় সম্পর্কে যথাযথভাবে নিশ্চিত হবেন এবং প্রয়োজনে প্রবেশের অনুমতি প্রদান করবেন।

১১.০ কমিশন ঘোষিত নিষিদ্ধ সামগ্রী নিয়ে কোন পরীক্ষার্থী যেন পরীক্ষার হলে প্রবেশ করতে না পারে, সে জন্য হল কর্তৃপক্ষ এবং কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের উপস্থিতিতে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ পরীক্ষা হলের প্রবেশ পথে প্রার্থীদের মেটাল ডিটেকটর দিয়ে তল্লাশিপূর্বক হলে প্রবেশের বিষয়টি নিশ্চিত করবেন।

১২.০ পরীক্ষা চলাকালীন বহিরাগত কেউ যেন কোনোভাবেই পরীক্ষার হলে প্রবেশ করতে না পারে সে বিষয়টি পরীক্ষা হলের প্রবেশ পথে দায়িত্বপালনকারী আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ নিশ্চিত করবেন।

১৩.০ বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এ পাওয়া যাবে।

৪.১০.২০২২

[আবদুল্লাহ আল মামুন]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]
ফোন: ৫৫০০৬৬৫৫
ই-মেইল: c_ncc@bpsc.gov.bd